

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৩০-আইন/২০২৬/৩৩৫-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ঘ) “বিড়ির প্যাকেট” অর্থ কাগজ বা অন্যকোনো উপকরণ দ্বারা আবৃত ফিল্টারবিযুক্ত ৮ (আট) শলাকা, ১০ (দশ) শলাকা, ১২ (বার) শলাকা ও ২৫ (পঁচিশ) শলাকা বিশিষ্ট বিড়ি বা ফিল্টার সংযুক্ত ১০ (দশ) শলাকা ও ২০ (বিশ) শলাকা বিড়ি ধারণযোগ্য এমন কোনো প্যাকেট এবং হার্ড ও সফট প্যাকেট এবং শেল এন্ড স্লাইড প্যাকেটও ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

(২) বিধি ৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) উৎপাদিত বিভিন্ন ব্র্যান্ড, নাম ও মূল্যমানের ফিল্টার বিযুক্ত বা ফিল্টারযুক্ত বিড়ির জন্য সর্বোচ্চ খুচরা মূল্য হইবে নিম্নরূপ, যথা:-

ক্রমিক নং	মূল্যস্তর	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)
১।	বিড়ি (ফিল্টার বিযুক্ত)	
	(ক) ৮ শলাকার প্যাকেটের মূল্য ৬.০০ টাকা	৩০
	(খ) ১০ শলাকার প্যাকেটের মূল্য ৭.৫০ টাকা	৩০
	(গ) ১২ শলাকার প্যাকেটের মূল্য ৯.০০ টাকা	৩০
	(গ) ২৫ শলাকার প্যাকেটের মূল্য ১৮.০০ টাকা	৩০
২।	বিড়ি (ফিল্টার সংযুক্ত)	
	(ক) ১০ শলাকার প্যাকেটের মূল্য ১০.০০ টাকা	৪০
	(খ) ২০ শলাকার প্যাকেটের মূল্য ১৯.০০ টাকা	৪০

”; এবং

(৩) বিধি ৫ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২) বিড়ির প্যাকেটের শলাকা, ফিল্টার ও রং নিম্নের টেবিলে প্রদর্শিত বর্ণনা অনুযায়ী হইবে, যথা:-

টেবিল

ক্রমিক	শলাকা	ফিল্টার	রং
(১)	(২)	(৩)	(৪)
১।	২৫	ফিল্টার-বিযুক্ত	হালকা সবুজ
২।	১২	ফিল্টার-বিযুক্ত	হালকা জলপাই
৩।	১০	ফিল্টার-বিযুক্ত	হালকা খয়েরি
৪।	৮	ফিল্টার-বিযুক্ত	হালকা বেগুনী
৫।	২০	ফিল্টারযুক্ত	হালকা গোলাপী
৬।	১০	ফিল্টারযুক্ত	হালকা নেভী-ব্লু”।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ আজিজুর রহমান)

সদস্য (মুসক নীতি)